রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা ।

ঝিলমিল আবাসিক প্রকল্পে প্লট বরাদ্দের প্রসপেক্টাস - ২০১১

Website: www.rajukdhaka.gov.bd

E-mail: chairman@rajukdhaka.gov.bd

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা।

ঝিলমিল প্রকল্পের প্লট বরাদ্দের প্রসপেক্টাস-২০১১

১। ঝিলমিল প্রকল্পে আবাসিক প্লট প্রাপ্তির জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকগণকে রাজউকের নির্ধারিত আবেদন ফরমে আগামী ২৫.০৮.২০১১ তারিখের মধ্যে আবেদন করিতে হইবে।

২। (ক) বৃহত্তর ঢাকা মহানগরীর রাজউকের আওতাধীন এলাকার কোথাও পূবর্তন ডি.আই.টি বর্তমানে রাজউক অথবা অন্য কোন সরকারী/আধাসরকারী সংস্থা কর্তৃক আবেদনকারী/আবেদনকারীগণের স্বামী বা স্ত্রী (কর্মজীবী স্ত্রীর ক্ষেত্র ব্যাতিত)/ পরিবার/পোষ্য/ পোষ্যগণের নামে কোন আবাসিক জমি, বাড়ী, প্লট বা ফ্ল্যাট বরাদ্দ বা লীজ দেয়া হইলে তিনি আলোচ্য প্রকল্পে প্লটের বরাদ্দ পাওয়ার যোগ্য হইবেন না। যদি কোন আবেদনকারী উক্ত শর্ত ভঙ্গ করে যে ক্যাটেগরীতে আবেদন করেন তবে তাঁর আবেদনপত্র বাতিল করা হইবে এবং দরখাস্তের সাথে প্রদত্ত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং পাশাপাশি দেওয়ানী ও ফৌজদারী আইনের অধীনে অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হইবে। এমনকি প্লট বরাদ্দের পরও অত্র শর্ত ভঙ্গের প্রমান পাওয়া গেলে বরাদ্দ পত্র বাতিল করা হইবে এবং রাজউকের অনুকূলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং পাশাপাশি দেওয়ানী ও ফৌজদারী আইনের অধীনে অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হইবে।

(খ) স্বামীর ওপর নির্ভরশীল নন এমন মহিলা কর্তৃক টি.আই.এন এবং নিজস্ব উপার্জিত আয় প্রদর্শনের মাধ্যমে প্লট বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন। তিনি পূর্বোক্ত ‘ক’ উপ-অনুচ্ছেদ দ্বারা অর্থাৎ স্বামীর নামে জমি, বাড়ী, প্লট বা ফ্ল্যাট থাকার কারণে আবেদনের অযোগ্য হইবেন না।

৩। আবেদনকারীকে অবশ্যই কোন প্রথম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট/নোটারী পাবলিক/বিদেশে অবস্থানরত আবেদনকারীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাসের (ঐ দেশে বাংলাদেশ মিশন না থাকিলে, পার্শ্ববর্তী দেশের বাংলাদেশ মিশনের) দ্বিতীয় সচিবের পদমর্যাদার নিম্নে নয় এমন কর্মকর্তার নিকট হইতে নমুনা মোতাবেক হলফনামা সম্পাদন করিতে হইবে।

৪। আবেদনকারীগণকে জামানত হিসাবে নিম্নবর্ণিত পরিমানের অর্থ চেয়ারম্যান, রাজউক এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হইবে। উল্লেখ্য, ঢাকা সিটি কর্পোরেশনের অধিভুক্ত অধিবাসীদের ক্ষেত্রে জামানতের অর্থ পে-অর্ডারের মাধ্যমে এবং উক্ত এলাকার বাহিরের অধিবাসীদের ক্ষেত্রে ডি.ডি-এর মাধ্যমে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হইবে।

জমির পরিমাণ (কাঠা)	বাংলাদেশে বসবাসরত আবেদনকারীদের ক্ষেত্রে	বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের ক্ষেত্রে (ইউ এস ডলার)
২.৫ (আড়াই)	টাঃ ১,০০,০০০/- (এক লক্ষ) মাত্র	$ ১,৪০০/- মাত্র
০৩ (তিন)	টাঃ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র	$ ২,১০০/- মাত্র
০৫ (পাঁচ)	টাঃ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র	$ ৩,৫০০/- মাত্র

উল্লেখ্য, বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণ চেয়ারম্যান, রাজউকের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/টি.টি/ডি.ডি এর মাধ্যমে Sonali Bank Limited, Wage Earner Corp. Branch, Dhaka রাজউকের FC Account NO. 161012 এবং Janata Bank Limited, Foreign Exchange Corp. Branch, Dhaka রাজউকের FC Account - 42033709 তে প্রেরণ করিতে হইবে।

৫। জমির মূল্য রাজউক কর্তৃক অনুমোদিত হারে নির্ধারণ করা হইবে।

৬। বরাদ্দ গ্রহীতাগনের প্রদত্ত জামানতের টাকা জমির মূল্যের ১ম কিস্তি অথবা এককালীন প্রদেয় টাকার সহিত সমন্বয় করা হইবে। যাহারা বরাদ্দ লাভ করিবেননা তাহাদের জামানতের টাকা তাহাদের আবেদনের সময় প্রদত্ত স্ব স্ব ব্যাংক হিসাবে ফেরত প্রদান করা হইবে। তবে উক্ত টাকার উপর কোন সুদ/মুনাফা প্রদান করা হইবে না।

৭। আবেদনকারীর অবশ্যই নিজস্ব জ্ঞাত আয় থাকিতে হইবে।

৮। আবেদনকারীর বয়স অবশ্যই ০১লা জুন ২০১১ তারিখে ন্যূনতম ২৫ (পঁচিশ) বৎসর হইতে হইবে।

৯। আবেদনপত্রের ০৯ নং এবং ১৫ নং ক্রমিকের কেবলমাত্র একটি বক্সে স্বাক্ষর করিতে হইবে। একাধিক বক্সে স্বাক্ষর করা হইলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। যে সকল আবেদনকারী এ প্রকল্পের জন্য প্রণীত নীতিমালা অনুযায়ী প্লট বরাদ্দের জন্য বিবেচিত হইবেন না তাহাদের জামানতের টাকা তাহাদের নিজনামে কোন ব্যাংক একাউন্টের মাধ্যমে ফেরত নিতে চান তাহা অবশ্যই উল্লেখ করিতে হইবে। তবে উক্ত টাকার উপর কোন সুদ/মুনাফা প্রদান করা হইবে না।

১১। প্লটের মূল্য এককালীন অথবা ০৩টি বাৎসরিক কিস্তিতে পরিশোধযোগ্য। কিস্তিতে প্রদানের ক্ষেত্রে কিস্তি গ্রহণের সুবিধা ফী প্রদান করিতে হইবে। ১ম কিস্তি হিসাবে প্লটের মূল্যের ৪০% (জমাকৃত জামানতের টাকা সমন্বয় করতঃ) এবং অবশিষ্ট ৬০%, ০২ (দুটি) বাৎসরিক কিস্তিতে পরিশোধ করিতে হইবে। তবে ৩য় বা শেষ কিস্তির টাকা বরাদ্দকৃত প্লট দখল হস্তান্তরের পূর্ব পর্যন্ত সুদবিহীনভাবে পরিশোধ করা যাইবে।

১২। আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করিতে হইবেঃ

ক) আবেদনপত্র ও প্রসপেক্টাস ক্রয়ের মূল ব্যাংক রশিদ এবং জমাকৃত জামানতের মূল ব্যাংক রশিদ ।

খ) আবেদনকারীর সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ।

গ) আবেদনকারীর বয়স প্রমানের জন্য এস, এস, সি, অথবা সমমানের পরীক্ষার সার্টিফিকেটের সত্যায়িত প্রতিলিপি, যারা এস.এস.সি পাশ করেননি তাদের ক্ষেত্রে জন্ম নিবন্ধনের কপি/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের প্রতিলিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) পাসপোর্টের কপি (বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের ক্ষেত্রে) ।

ঘ) আবেদনকারীর নাগরিকত্ব প্রমানের জন্য ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি অথবা উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্র ।

ঙ) সংশ্লিষ্ট আয়কর অফিস হইতে ইস্যুকৃত বর্তমান কর বৎসরের আয়কর সনদপত্র এবং আই. টি ১০(বি) এর সার্টিফাইড কপি ।

চ) সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত এবং বেসরকারী চাকুরীজীবিদের ক্ষেত্রে তাঁর নিয়ন্ত্রনকারী কর্মকর্তা কর্তৃক আবেদনকারীর পরিচিতি (নাম, পদবী, জন্ম তারিখ), আবেদনের তারিখে বেতনের স্কেল ও মাসিক বেতন (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক সনদপত্র ।

ছ) মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি ।

জ) ব্যাবসায়ী/শিল্পপতিদের ক্ষেত্রে অনুচ্ছেদ (ঙ) এর শর্তসহ কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত কপি ।

ট) টাঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে নমুনা মোতাবেক হলফনামা ।

১৩। ঝিলমিল প্রকল্পে যে কোন অবস্থানে কমবেশী ২.৫ (আড়াই) কাঠা (শুধুমাত্র ক্ষতিগ্রস্তদের জন্য), ০৩ (তিন) কাঠা ও ০৫ (পাঁচ) কাঠা আয়তনের প্লট সমূহ বরাদ্দ করা হইবে। রাজউক উক্ত এলাকায় কেবলাত্র মাটি ভরাট, রাস্তাঘাট, ব্রীজ/কালভার্ট নির্মাণ, ষ্ট্রীট লাইট, কাঁচা ড্রেন নির্মাণ প্রভৃতি কার্যক্রম গ্রহণ করিবে। অন্যান্য ভৌত অবকাঠামোগত তথা পানি সরবরাহের নিমিত্তে লাইন স্থাপন, বৈদ্যুতিকীকরণ, পয়ঃনিস্কাশন ব্যবস্থা ইত্যাদি কার্যক্রম ঢাকা ওয়াসা, ডেসকো, তিতাস গ্যাস ও বিটিটিবি তাহাদের নিজস্ব কর্মসূচীর আওতায় উক্ত কার্যাদি যথাসময়ে সম্পন্ন করিবে।

১৪। ক) লীজ দলিল রেজিষ্ট্রেশনের পর লীজ দলিলের শর্ত মোতাবেক অনুমোদিত নক্সা অনুযায়ী বাড়ী নির্মাণ করিতে হইবে।

খ) বরাদ্দ প্রাপকগণ রাজউকের অন্য কোন প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এ প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া দাবি করিতে পারিবেননা।

গ) রাজউক যে কোন সময় প্রসপেক্টাসের বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং নতুন অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ সংযোজন করার ক্ষমতা সংরক্ষন করে।

ঘ) এই প্রসপেক্টাসে বিবৃত যে কোন শর্ত সম্পর্কে রাজউকের ব্যাখ্যা চুড়ান্ত মর্মে বিবেচিত হইবে এবং তা সংশ্লিষ্ট সকলের ওপর সমভাবে প্রযোজ্য হইবে।

ঙ) প্রয়োজনে নতুন কোন শর্ত বরাদ্দপত্রে উল্লেখ করা যাইতে পারে।

১৫। আবেদনকারীদেরকে আবেদনপত্রের আইটেম নং- ০৬ এ উল্লেখিত ব্যাংক হিসাব, ব্যাংকের নাম, ব্যাংকের শাখা, Swift Code NO. (যদি থাকে), Routing NO. (যদি থাকে) অবশ্যই পূরণ করিতে হইবে (যেসকল আবেদনকারী লটারীতে প্লট বরাদ্দের জন্য নির্বাচিত হইবেন না তাহাদের জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে)

১৬। অসম্পূর্ণ, ভুল এবং মিথ্যা তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বালিয়া গণ্য হইবে। সত্য গোপন করিলে বা ভুল তথ্য পরিবেশন করিয়া বা হলফনামায় মিথ্যা বিবৃতি দিয়া কেহ প্লট বরাদ্দ লাভ করিলে তাহার বরাদ্দ বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্তসহ প্রচলিত আইনমতে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

নমুনা

টাঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প

আবেদনকারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ০১ কপি সাম্প্রতিক ছবি

হলফনামা

আমি জনাব/বেগম ...., পিতা ...., ঠিকানা (বর্তমান/স্থায়ী) ...., জাতীয়তা - বাংলাদেশী, এই মর্মে হলফ করিতেছি যে, বৃহত্তর ঢাকা মহানগরীর রাজউকের আওতাধীন এলাকার কোথাও পূবর্তন ডি.আই.টি বর্তমানে রাজউক অথবা অন্য কোন সরকারী/আধাসরকারী সংস্থা কর্তৃক আমাকে/আমার স্বামী বা স্ত্রী (কর্মজীবী স্ত্রীর ক্ষেত্র ব্যতিত)/পরিবার/পোষ্য/পোষ্যগণের নামে কোন আবাসিক জমি, বাড়ী, প্লট বা ফ্ল্যাট বরাদ্দ বা লীজ প্রদান করা হয় নাই ।

আমি আরও হলফ করিতেছি যে, প্রদত্ত হলফনামার শর্ত ভঙ্গের কারণে আমার আবেদনপত্র বাতিল করিয়া দরখাস্তের সাথে জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হইলে এবং প্লট বরাদ্দের পরও অত্র শর্ত ভঙ্গের প্রমান পাওয়া গেলে বরাদ্দ পত্র বাতিল করিয়া রাজউকের অনুকূলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হইলে এমনকি আমার বিরুদ্ধে দেওয়ানী ও ফৌজদারী আইনের অধীনে অন্যান্য কার্যক্রম গ্রহণ করিলে আমার কোন আপত্তি থাকিবে না ।

উপরোক্ত ঘোষনা আমার জানামতে সম্পূর্ণ সত্য ও নির্ভূল ।

....

হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

তারিখ :

হলফকারী আমার পরিচিত, তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন । আমি তাঁর পরিচয় প্রদানকারী ।

নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট

....

এ্যাডভোকেট

বিদেশে বসবাসরত প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক/
বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ।